



# মৎস্যজীবী ক্রেডিট কার্ড

মৎস্য দপ্তর



## প্রকল্পটির উদ্দেশ্য

এই প্রকল্পে মৎস্যজীবী ক্রেডিট কার্ড এর মাধ্যমে মৎস্যজীবীদের চাষযোগ্য পাহাড়ি ঝোড়া/নিজস্ব বা ইজারাধীন যে কোনও জলাশয়ে মাছ চাষ, সামুদ্রিক অঞ্চলে ট্রলারে মাছ ধরা সংক্রান্ত কাজের জন্য কোন বীমা ছাড়াই স্বল্প সুদে ২ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান এবং নির্দিষ্ট হারে ছাড় সুবিধা দেওয়া হয়।

## কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

- ১) মৎস্য চাষি যারা একক বা যৌথভাবে চাষ করেন।
- ২) মৎস্য উৎপাদক গোষ্ঠী (Fish Production Group)।
- ৩) জলাশয়ের লিজ গ্রহীতা।
- ৪) স্বনির্ভর গোষ্ঠীর সদস্যবৃন্দ।
- ৫) প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যবৃন্দ।
- ৬) মৎস্য দপ্তরের বিভিন্ন প্রকল্পের উপভোক্তাগণ।

## প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) ভোটার কার্ড/ আধার কার্ড/ প্যান কার্ড/ পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স/ মৎস্যজীবী পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি;
- ২) বসবাসের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি ;
- ৩) আবেদনকারীর ২কপি পাসপোর্ট মাপের ছবি (৬ মাসের পুরনো নয়);
- ৪) পুকুর বা জলাশয়ের দলিল/পরচার স্বপ্রত্যয়িত ফটোকপি;
- ৫) লিজ গ্রহীতার ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত প্রধানের দেওয়া সার্টিফিকেট লিজ চুক্তিপত্র;
- ৬) জাতিগত শংসাপত্র (তপশিলি/আদিবাসী/ওবিসি সার্টিফিকেট);

## যোগাযোগ

দুয়ারে সরকার ক্যাম্প/ব্লক অফিসের মৎস্য বিভাগ, জেলা মীন ভবনে যোগাযোগ করুন।